দামুড়হুদা মডেল থানার উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা মূলক র্যালি

“নিজ আঙ্গিনা পরিষ্কার করি,ডেঙ্গু মুক্ত আবাস গড়ি” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার ও চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপারের নির্দেশে দামুড়হুদা মডেল থানার উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধে পরিষ্কার পরিছন্নতা অভিযান, জনসচেতনতা মূলক র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বেলা সাড়ে ১০টার সময় থানা চত্বর থেকে র্যালী শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে আবার থানা চত্বরে এসে শেষ হয়। র্যালী শেষে থানা করিডোরে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। র্যালী ও আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন সিনিয়র সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম এর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, ওসি তদন্ত শফিকুল ইসলাম, ওসি অপারেশন শফিউল আলম, সেকেন্ড অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক সহ থানার সকল অফিসার ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে সিনিয়র সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা বলেন, দেশে ডেঙ্গুর প্রকোপ আকার ধারণ করেছে। এখনই যদি আমরা সচেতন হতে না পারি তাহলে ডেঙ্গুর আক্রমণ থেকে আমরা কেউই রক্ষা পাবো না। তাই সবাইকে ডেঙ্গুর ব্যাপারে সচেতন হতে হবে। মূলত এডিস মশা থেকেই ডেঙ্গুর উৎপত্তি হয়। এডিস মশার প্রজনন স্থল ধ্বংস করি, ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধ করি।

এ সময় তিনি সবাইকে সচেতন করে বলেন অফিসে, বাড়িতে রাখা ফুলের টব, চারপাশে পড়ে থাকা পাত্র, পরিত্যাক্ত টায়ার, ডাবের খোসা, চিপসের খালি প্যাকেট, পলিথিন পরিত্যক্ত ফুড কন্টেইনার ইত্যাদিতে পানি জমে থাকতে দেবেন না। নির্মাণাধীন ভবনের মাঝে লিফটের গর্ত, ওয়াটার মিটারের গর্ত ও স্থাপনা গুলোতেও পানি জমে থাকতে দেবেন না। যে কোন পাত্রে জমে থাকা পানি অবশ্যই তিনদিনের মধ্যে পরিবর্তন করুন। দিনে এবং রাতে শোয়ার সময় অবশ্যই মশারি ব্যবহার করবেন। আমরা

নিজেরা একটু সচেতন হলেই ডেঙ্গু ও চিকুনগুনিয়ার ভয়ঙ্কর থাবা থেকে নিজেদেরকে সুরক্ষা করতে পারি এবং প্রতিরোধ করা সম্ভব।